কালের কণ্ঠ

তারিখ · 16 · JAN · 2016 ··· ···
পৃষ্ঠা ··9·· ··· কলাম···2·· ······

# স্কুলে ভর্তি বাণিজ্য বন্ধে কঠোর ব্যবস্থার দাবি ক্যাবের

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷**

বেসরকারি স্কুলে ভর্তি বাণিজ্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন দেশের ক্রেতা-ভোক্তাদের স্বার্থ সংরক্ষণকারী প্রতিষ্ঠান কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) চট্টগ্রামের নেতারা। সেই সঙ্গে অবিলম্বে সরকারি স্কুলগুলোতে আসনসংখ্যা বাড়ানোরও দাবি জানানো হয়েছে।

গতকাল শুক্রবার সংবাদমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। ক্যাবের পক্ষে বিবৃতিদাতারা হলেন ক্যাব কেন্দ্রীয় কমিটির ভাইস প্রেসিডেন্ট এস এম নাজের হোসাইন, ক্যাব চট্টগ্রাম বিভাগীয় সাধারণ সম্পাদক কাজী ইকবাল বাহার ছাবেরী, নগর সভাপতি জেসমিন সুলতানা পারু, সাধারণ সম্পাদক অজয় মিত্র শঙ্কু প্রমুখ।

বিবৃতিতে বলা হয়, ঢাকা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন শহরে নামিদামি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে নীতিমালা উপেক্ষা করে ভর্তি ও পুনঃ ভর্তির নামে শিক্ষার্থীদের কাছ থেকে নিয়মবহির্ভূতভাবে হাজার হাজার টাকা হাতিয়ে নেওয়া হচ্ছে। অন্যদিকে সরকারের ঘোষণা অনুযায়ী সরকারি স্কুলগুলোতে আসনসংখ্যা বৃদ্ধির কথা বলা হলেও প্রকৃতপক্ষে বিভিন্ন কোটায় বিভক্ত করে আসনসংখ্যা বৃদ্ধি না হয়ে কমে যাওয়ায় স্কুলে ভর্তি নিয়ে নগরবাসী দুর্ভাবনায় পড়েছে।

চট্টগ্রাম সিটি করপোরেশন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষসহ বিভিন্ন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান পরিচালিত স্কুলেও সরকারি পে স্কেল ঘোষণার কারণে শিক্ষকদের বেতন-ভাতা বৃদ্ধির অজুহাতে ভর্তি, পুনঃ ভর্তি এবং টিউশন ফি দ্বিগুণ করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ক্যাব। এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থার দাবি জানায় তারা।